“আমি দেখছি শেষ সাত রাতে তোমাদের স্বপ্নগুলো মিলে গেছে। অতএব, যে ব্যক্তি এর সন্ধান প্রত্যাশী, সে যেন শেষ সাত রাতে তা সন্ধান করে।”

ইবনু উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া
সাল্লামের কতিপয় সহাবীকে স্বপ্নের মাধ্যমে রমযানের শেষের সাত রাত্রে লাইলাতুল
ক্বদর দেখানো হয়। এ শুনে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: “আমি দেখছি শেষ সাত রাতে তোমাদের স্বপ্নগুলো মিলে গেছে। অতএব, যে ব্যক্তি এর সন্ধান
প্রত্যাশী, সে যেন শেষ সাত রাতে তা সন্ধান করে।” [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কিছু সাহাবী স্বপ্নে দেখেছেন যে, রমযানের শেষ সাত রাতে কদরের রাত হবে। নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন: আমি দেখতে পাচ্ছি যে রমজানের শেষ সাত দিনে তোমাদের স্বপ্নগুলি মিলে গেছে। সুতরাং যে ব্যক্তি এটি পাওয়ার ইচ্ছা করে এবং তা অনুসন্ধান করতে আগ্রহী, সে যেন অনেক নেক আমল করার উদ্দেশ্যে এটি অন্বেষণ ও অনুসন্ধান করার চেষ্টা করে। কারণ এটি শেষ সাতে হওয়ার সম্ভাবনা বেশি। যদি রমযান ত্রিশ দিনের হয় তবে এটি চব্বিশ তারিখের রাতে শুরু হয়। আর যদি রমযান ঊনত্রিশ দিনের হয়, তবে এটি তেইশ তারিখ থেকে শুরু হয়।

https://sunnah.global/hadeeth/bn/show/4545